# বাংলা ভাষার শব্দ ভান্ডার

Course name: Functional Bangla

Motasim Billah

# বাংলা ভাষার উৎপত্তি

- বাংলা ভাষার উৎপত্তি মূলত ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে। এই বংশের অন্যতম একটি শাখা সংস্কৃত।
- কিন্তু বাংলা ভাষা সরাসরি সংস্কৃত ভাষা থেকে আসেনি, সংস্কৃত ছিল সম্ভ্রান্ত মানুষদের ব্যবহৃত ভাষা।
- বাংলা শুরু থেকেই সমাজের নিম্ন স্তরের মানুষের ভাষা।
- সাধারণ মানুষরা প্রাকৃত বা অপভ্রংশ ভাষায় কথা বলতেন।
- অপভ্রংশ মানে বিকৃত, সংস্কৃত ভাষার শব্দকে মানুষ পরিবর্তন করে তাদের সুবিধামতো উচ্চারণ করতো বলে এগুলোকে ভাষা পন্ডিতরা বলতেন অপভ্রংশ বা বিকৃত ভাষা।
- এগুলো আঞ্চলিক ভাষার মতোই একেক অঞ্চলে একেক রকম ছিল ।

# বাংলা ভাষার শব্দের উৎস-১


- ড. মুহম্মদ শহীদুল্লাহ-এর মতে বাংলা ভাষা এসেছে গৌড়ীয় প্রাকৃত বা অপভ্রংশ থেকে।
- ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা এসেছে মাগধী অপভ্রংশ থেকে।
- এসব অপভ্রংশগুলোতে সংস্কৃত ভাষার যে পরিবর্তিত বা বিকৃত রূপ পাওয়া যায়, তা আরো পরিবর্তিত ও সহজ রূপ নিয়ে বাংলা ভাষায় স্থান নিয়েছে।
- দিন দিন মানুষের ব্যবহারের মধ্য দিয়ে তা আরো পরিবর্তিত হয়েছে সহজ ও সংক্ষিপ্ত হচ্ছে।
- প্রয়োজন অনুসারে তৈরি হচ্ছে নতুন শব্দ কিংবা অন্য ভাষা থেকেও বাংলা ভাষায় স্থান করে নিচ্ছে অনেক শব্দ।

# বাংলা ভাষার শব্দের উৎস-২

- একটি সাধারণ বাংলা অভিধানে প্রায় ৭৫,০০০ পৃথক শব্দ তালিকাভুক্ত করা থাকে।
- ৬৭% তৎসম শব্দ (সংস্কৃত ভাষা থেকে আগত)।
- ২৮% শব্দসমূহ তদ্ভব।
- বাকি শব্দসমূহ দেশি (আদিবাসীদের ভাষা থেকে গৃহীত), বিদেশি (বিদেশি ভাষার শব্দ)।

❑ তবে বর্তমান সময়ে আধুনিক বাংলা সাহিত্যিক কাজে ব্যবহৃত উৎপাদনশীল শব্দ ভান্ডারে

- ৬৭% তদ্ভব শব্দ, ২৫% তৎসম শব্দ
- ৮% হল দেশি ও বিদেশি ভাষার শব্দ।


বাংলা শব্দভাণ্ডারের বাংলা শব্দসমূহের বিস্তৃত শ্রেণিকরণ
বাংলা শব্দভাণ্ডার
মৌলিক শব্দ
আগন্তুক বা কৃতঋণ শব্দ
নবগঠিত শব্দ
তৎসম (নদী, লতা)
অর্ধতৎসম (ঘেন্না, ছিনাম)
তদ্ভব (হাত, কাজ)
দেশি (ঢেঁকি, কাঁটা)
রূপান্তরিত তদ্ভব (নাম, গিলে)
ভারতীয়
বিদেশি
মারাঠি (চৌথ, বর্গি)
গুজরাটি (খাদি, তকলি)
হিন্দি (খানা, ডেরা)
তামিল (চুরুট)
আরবি (আক্কেল, কবর)
ফারসি (আইন, তাজ)
আরবি-ফারসি (জমাদার)
ফারসি-আরবি (বকলম)
ইংরেজি (ক্লাস, ট্রাম)
পোর্তুগিজ (পেঁপে, চাবি)
তুর্কি (কাবু, চাকু)
জাপানি (রিকশা, যুযুৎসু)
রুশ (ভদকা, স্পুটনিক)
ওলন্দাজ (হরতন, রুইতন)
চিনা (চা, চিনি)
ইতালীয় (ফ্যাসিস্ট স্টুডিও)
ফরাসি (মেনু, কাফে)
বর্মি (লুঙ্গি, ঘুগনি)
জার্মানি (নাৎসি, কিন্ডারগার্টেন)
মালয় (কাকাতুয়া)
অস্ট্রেলীয় (ক্যাঙারু, বুমেরাং)
মিশ্র বা সংকর শব্দ
অনূদিত শব্দ (শ্বেতপত্র, কালোবাজার)
খণ্ডিত শব্দ (যেমন, মাইক)
তৎসম ও তদ্ভব (মায়াকান্না, বজ্রআঁটুনি)
বিদেশি ও তৎসম (হেডপণ্ডিত, আইনসিদ্ধ)
তদ্ভব ও বিদেশি (রাজাবাদশা, হাটবাজার)
বিদেশি ও তদ্ভব (রেলগাড়ি, অফিসপাড়া)
বিদেশি ও বিদেশি (পুলিশসাহেব, হাফটাইম)
বিদেশি প্রত্যয়যুক্ত (বাবুগিরি, ছাপাখানা)
বিদেশি উপসর্গযুক্ত (বেহাত, বেহেড)

# ধন্যবাদ